# দিনাজপুর বোর্ড-২০১৭

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. নেপালি মেয়ে রিদিতা শর্মা চিকিৎসা বিজ্ঞানে পড়াশোনা করার জন্য ঢাকা মেডিকেল কলেজে ভর্তি হয়। সে কলেজের সামনে স্থাপিত একটি স্মৃতিস্তম্ভ দেখতে পায়। বাংলাদেশি বন্ধুদের কাছ থেকে জানতে পারল, স্তম্ভটি একটি ঐতিহাসিক আন্দোলনের স্মৃতি বিজড়িত।


ক. ১৯৬৫ সালের ভারত-পাকিস্তান যুদ্ধ কতদিন অব্যাহত ছিল? ১

খ. যুক্তফ্রন্ট গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত স্মৃতিস্তম্ভ নির্মাণের পটভূমি ব্যাখ্যা কর। ৩

ঘ. স্মৃতিস্তম্ভের সাথে সম্পর্কিত আন্দোলনটি বাঙালিদের মধ্যে ঐক্য ও স্বাধীনতার চেতনা জাগিয়ে তুলেছিল— বিশ্লেষণ কর। ৪

২.




ক. সৌরজগতের সবচেয়ে বড় গ্রহ কোনটি? ১

খ. গ্রহাণুপুঞ্জ বলতে কী বোঝায়? ২

গ. চিত্রে 'খ' চিহ্নিত গ্রহটির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. চিত্রের 'গ' চিহ্নিত গ্রহটিই একমাত্র জীব-এর বসবাসের উপযোগী— উক্তিটি যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

৩. মুনির ও শামীম যমুনার পাড়ে বসে গল্প করছিল। মুনির এক পর্যায়ে শামীমকে জানালো প্রায় দু'শো বছর আগে সংঘটিত একটি প্রাকৃতিক দুর্যোগের ফলে এ নদীটির সৃষ্টি হয়েছিল।

ক. লালমাই পাহাড়ের গড় উচ্চতা কত মিটার? ১

খ. বরেন্দ্রভূমি সৃষ্টি হয়েছিল কীভাবে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রাকৃতিক দুর্যোগটির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? মতামত দাও। ৪

৪. দৃশ্যকল্প-১ : সরকারি উদ্যোগে চট্টগ্রামের বহদ্দারহাট হতে লালখান বাজার পর্যন্ত ফ্লাইওভার নির্মিত হচ্ছে।

দৃশ্যকল্প-২ : সরকার দেশের অভ্যন্তরীণ শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য একটি শক্তিশালী বাহিনী গঠন করেছে।

ক. রাষ্ট্র সম্পর্কে এরিস্টটল প্রদত্ত সংজ্ঞাটি লিখ। ১

খ. নাগরিকের প্রধান কর্তব্যটি ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-২ এ রাষ্ট্রের কোন ধরনের কাজের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত রাষ্ট্রের কাজ দুটির মধ্যকার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৫. দীর্ঘদিন যুক্তরাষ্ট্রে বসবাসের পর বাবুল বাবা-মায়ের সাথে বাংলাদেশে আসে। প্রথম দিকে সে কারও সাথে মিশতে পারত না। বাবা-মা এবং অন্যান্যদের সহযোগিতায় সে সমাজের রীতি, নীতি, প্রথা-পদ্ধতি, ধর্মীয় বিধি ব্যবস্থার সাথে পরিচিত হতে সুযোগ পায়। অল্প কিছু দিনের মধ্যেই বাবুল নিজেকে সম্পূর্ণরূপে মানিয়ে নিতে সক্ষম হয়।

ক. সমাজের সবচেয়ে আদি প্রতিষ্ঠানের নাম কী? ১

Teachingbd24.com

খ. মিথস্ক্রিয়া বলতে কী বোঝায়? ২

গ. অনুচ্ছেদের ঘটনায় তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাবুলের পরিপূর্ণ ব্যক্তিত্ব ব্যক্তিত্ব বিকাশের ক্ষেত্রে পরিবারই একমাত্র নিয়ামক বলে মনে কর কি? যৌক্তিক মতামত দাও। ৪

৬. মহিম উচ্চ শিক্ষা লাভ করে চাকরির আশায় বসে না থেকে বাবার পরামর্শে কিছু জমি ব্যাংকে বন্ধক রেখে ঋণ নেয় এবং একটি কৃষি খামার প্রতিষ্ঠা করে। তার খামারে গ্রামের অনেক বেকার লোকের কর্মসংস্থান হয়। ব্যাংকের ঋণ পরিশোধের পাশপাশি সে সরকারকে করও প্রদান করে।

ক. VAT-এর পূর্ণরূপ লিখ। ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে নিকাশ ঘর বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. মহিমকে ঋণপ্রদানকারী ব্যাংকের কার্যাবলি ব্যাখ্যা কর। ৩

ঘ. মহিমের প্রদত্ত করই কি সরকারের আয়ের একমাত্র উৎস? মতামত দাও। ৪

৭. সমাজের কিছু সংখ্যক লোক ব্যক্তিগত লাভের আশায় সচেতনভাবে নিজ দায়িত্বের অবহেলা করে সমাজের ক্ষতি করছে। যার প্রভাব সুদূরপ্রসারী।

ক. বিশ্বে কত সালে প্রথম এইচআইভি রোগী শনাক্ত করা হয়? ১

খ. জঙ্গিবাদ প্রতিরোধের উপায় ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে সামাজিক সমস্যাটির প্রতিফলন ঘটেছে তার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সামাজিক সমস্যাটির ক্ষতিকর প্রভাব ও প্রতিকার সম্পর্কে তোমার মতামত যুক্তি সহকারে বিশ্লেষণ কর। ৪

৮. জনাব 'ক' গ্রামাঞ্চলে অবস্থিত একটি সংস্থার নির্বাচিত জনপ্রতিনিধি। গ্রামের নিরাপত্তার ব্যবস্থা করা তাঁর অন্যতম প্রধান দায়িত্ব।

ক. বাংলাদেশে প্রশাসনিক কাঠামোর তৃতীয় স্তরের নাম কী? ১

খ. আইন বিভাগের "বিচার বিষয়ক ক্ষমতা" ব্যাখ্যা কর। ২

https://teachingbd24.com

গ. জনাব 'ক' যে প্রতিষ্ঠানটির প্রতিনিধি সেটির গঠন কাঠামো ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কাজটি জনাব 'ক' এর একমাত্র দায়িত্ব নয়— বিশ্লেষণ কর। ৪

৯. মিজান সাহেব এমন একটি দেশে বসবাস করেন যে দেশের অর্থনৈতিক ব্যবস্থায় বেসরকারি উদ্যোগকে প্রাধান্য দেয়া হয়। সর্বাধিক মুনাফা অর্জনের লক্ষ্যে উৎপাদন প্রক্রিয়া পরিচালিত হয়।

ক. জাতীয় সম্পদের উৎস প্রধানত কয়টি? ১

খ. জাতীয় সম্পদের সংরক্ষণ ও অপচয় কীভাবে রোধ করা যায়? ২

গ. উদ্দীপকে যে অর্থনৈতিক ব্যবস্থার প্রতিফলন ঘটেছে, তার বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত অর্থব্যবস্থার সাথে বাংলাদেশে প্রচলিত অর্থব্যবস্থার ভিন্নতা বিশ্লেষণ কর। ৪

১০. 'ক' নামক দেশটি কৃষির উপর অতিমাত্রায় নির্ভরশীল। বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রেও দেশটি প্রতিকূল অবস্থানে রয়েছে।

ক. ২০১১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার কত? ১

খ. "মাথাপিছু আয়" ধারণাটি বুঝিয়ে লিখ। ২

গ. 'ক' দেশটি কোন ধরনের দেশ? ব্যাখ্যা কর। ৩

ঘ. যেসব পদক্ষেপ গ্রহণের মাধ্যমে 'ক' দেশটির অবস্থার পরিবর্তন সম্ভব তা বিশ্লেষণ কর। ৪

১১. জনাব 'ক' এমন একটি আন্তর্জাতিক সংস্থার অধীনে কর্মরত যা আফ্রিকার বিভিন্ন দেশে গৃহযুদ্ধ মীমাংসার লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

ক. কত সালে "বেইজিং প্লাস ফাইভ" সম্মেলন অনুষ্ঠিত হয়? ১

খ. 'CEDAW' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত আন্তর্জাতিক সংস্থাটি সৃষ্টির পটভূমি ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সংস্থায় বাংলাদেশের অবদান বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড: | ১ | ৫ | ০ |

## বহুনির্বাচনি অভীক্ষা

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. সর্বশেষ পর্যায়ের ঋণদাতা কাকে বলা হয়?**
ⓚ সরকার ⓚ গ্রামীণ ব্যাংক
ⓖ কেন্দ্রীয় ব্যাংক ⓖ বাণিজ্যিক ব্যাংক

**২. গোষ্ঠী জীবনের প্রথম ধাপ কোনটি?**
(ক) সংগঠন (খ) সমাজ
(গ) পরিবার (ঘ) রাষ্ট্র

**৩. ক ও খ বিন্দুর দ্রাঘিমা যথাক্রমে ৬০° পূর্ব এবং ৮০° পূর্ব। ক বিন্দুর স্থানীয় সময় সকাল ১০টা হলে, খ বিন্দুর স্থানীয় সময় কত?**
(ক) সকাল ১০টা ২০মি.
(খ) সকাল ১০টা ৪০মি.
(গ) সকাল ১১টা
(ঘ) সকাল ১১টা ২০মি.

**৪. কুসংস্কারমুক্ত থাকতে সাহায্য করে কোনটি?**
(ক) শিক্ষা (খ) খেলাধুলা
(গ) ভ্রমণ (ঘ) শরীরচর্চা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**

আর্থিক কারণে কলি বেশি পড়াশোনা করতে পারেনি। তাই সে ঢাকায় গার্মেন্টিসে কাজ নেয়। একদিন সে যৌন হয়রানির শিকার হয়।

**৫. কলির নির্যাতনের পিছনে কোন কারণটি দায়ী?**
(ক) শিক্ষার অভাব (খ) দারিদ্র্য
(গ) বেকারত্ব (ঘ) জনসংখ্যা বৃদ্ধি

**৬. কলির প্রতি সহিংসতা রোধে করণীয়—**
i. ঋণদান কর্মসূচি গ্রহণ
ii. আইন প্রণয়ন
iii. নির্যাতনকারীদের শাস্তি প্রদান

**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৭. আমাদের দেশে বস্তি সমস্যা সৃষ্টিতে প্রধান ভূমিকা পালন করে—**
(ক) শিক্ষা (খ) যৌথ-পরিবার ভাঙন
(গ) শিল্পায়ন (ঘ) প্রযুক্তি

**৮. তমদ্দুন মজলিশ কী ধরনের প্রতিষ্ঠান?**
(ক) রাজনৈতিক (খ) অর্থনৈতিক
(গ) সাংস্কৃতিক (ঘ) সামাজিক

**৯. কত সালে ইউনেস্কো কর্তৃক একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়?**
(ক) ১৯৯৮ (খ) ১৯৯৯
(গ) ২০০০ (ঘ) ২০০১

**১০. আইয়ুব খান কোন ব্যবস্থাটি চালু করেছিলেন?**
(ক) বাকশাল
(খ) মৌলিক গণতন্ত্র
(গ) নিয়মতান্ত্রিক রাজতন্ত্র
(ঘ) সমাজতন্ত্র


**১১. 'অপারেশন সার্চ লাইট' কী?**
(ক) যুদ্ধপ্রস্তুতি (খ) আলোর সন্ধান
(গ) গণহত্যা (ঘ) নৌ-ঘাঁটি আক্রমণ

**১২. মুক্তিবাহিনীতে একক গোষ্ঠী হিসেবে কাদের সংখ্যা সবচেয়ে বেশি ছিল?**
(ক) শ্রমিক (খ) কৃষক
(গ) চাকুরিজীবি (ঘ) ছাত্র

**১৩. গণপরিষদের ৩৪ সদস্যবিশিষ্ট কমিটির কাজ হলো—**
i. শিক্ষা কমিশন গঠন করা
ii. জনসংখ্যা গণনা করা
iii. সংবিধান প্রণয়ন করা

**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**




**১৪. চিত্রটি দ্বারা কী নির্দেশ করা হয়?**
(ক) মরাকটাল (খ) পূর্ণিমা
(গ) ভরাকটাল (ঘ) অমাবস্যা

https://teachingbd24.com

১৫. উদ্দীপকের ঘটনাটি কোথায় বেশি হয়?
ⓚ ভূমধ্যসাগরীয় অঞ্চলে
ⓚ মেরু অঞ্চলে
ⓖ উত্তর গোলার্ধে
ⓖ উপকূলবর্তী অঞ্চলে

১৬. জানুয়ারি মাসে বাংলাদেশের গড় তাপমাত্রা কত ডিগ্রি সেলসিয়াস?
ⓚ ১৪.৭° ⓚ ১৫.৭°
ⓖ ১৬.৭° ⓖ ১৭.৭°

১৭. বাংলাদেশের মানুষের জীবন-জীবিকায় পরিবর্তন আনতে প্রধান নিয়ামক—
ক জলবায়ু খ আবহাওয়া
গ প্রাকৃতিক দুর্যোগ ঘ সামাজিক অবস্থা

১৮. নদীর প্রবাহ দুর্বল হয়ে যাওয়ার কারণ—
i. শিল্প বর্জ্য ii. পলি জমা
iii. বাঁধ নির্মাণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. জলবিদ্যুৎ কোন ধরনের শক্তি সম্পদ?
ক নবায়নযোগ্য খ আণবিক
গ রাসায়নিক ঘ পারমাণবিক

২০. "রাষ্ট্র যদি হয় জীবদেহ তবে সরকার হলো এর মস্তিষ্ক স্বরূপ"—উক্তিটি কার?
ক অধ্যাপক গার্নার খ ম্যাকাইভার
গ এরিস্টটল ঘ আলেকজান্ডার

২১. রাষ্ট্রের সার্বভৌমত্ব ক্ষমতা প্রয়োগ করে কে?
ক জনগণ খ সংগঠন
গ কেন্দ্রীয় কর্তৃপক্ষ ঘ রাষ্ট্রের বিভাগসমূহ

২২. বাংলাদেশে শাসন বিভাগ নিয়ন্ত্রিত হয় কোনটি দ্বারা?
ক বিচার বিভাগ খ পুলিশ বিভাগ
গ র‍্যাব ঘ জাতীয় সংসদ

২৩. জনপ্রতিনিধিদের কর্তৃত্ব আছে কোন প্রতিষ্ঠানে?
ক পুলিশ সুপারের অফিসে
খ পৌরসভায়
গ জেলা প্রশাসনে
ঘ বিভাগীয় প্রশাসনে

২৪. তত্ত্বাবধায়ক সরকার বলতে বোঝায়— সরকার।
ক ছোট খ বৃহৎ
গ নতুন ঘ নির্দলীয়

২৫. জাতিসংঘের প্রধান অঙ্গ হলো—
i. ইউনিসেফ
ii. সাধারণ পরিষদ
iii. আন্তর্জাতিক আদালত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:

কবির তিনজন বন্ধু নিয়ে একটি কোম্পানি খোলার উদ্যোগ নেয়। প্রথম বন্ধু ভূমি, দ্বিতীয় বন্ধু শ্রম ও তৃতীয় বন্ধু মূলধনের দায়িত্ব নেয়।

২৬. উদ্দীপকের আলোকে উৎপাদন প্রক্রিয়ায় সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে—
ক প্রথম বন্ধু খ দ্বিতীয় বন্ধু
গ তৃতীয় বন্ধু ঘ কবির

২৭. প্রথম বন্ধু উৎপাদন প্রক্রিয়ায় অংশ নেয়ার জন্য কোনটি লাভ করবে?
ক সুদ খ খাজনা
গ মজুরি ঘ মুনাফা

২৮. সুন্দরবনে জন্মে—
ক সেগুন গাছ
খ গেওয়া গাছ
গ শাল গাছ
ঘ বৈলাম গাছ

২৯. উন্নয়নের মাত্রার উপর ভিত্তি করে বিশ্বের দেশসমূহকে কয়ভাগে ভাগ করা হয়েছে?
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬

৩০. বাংলাদেশ সরকারের আয়ের প্রধান উৎস কোনটি?
ক আবগারি শুল্ক খ বাণিজ্য শুল্ক
গ আয়কর ঘ ভ্যাট

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com